

Kumudini Bulletin

September - December 2014

কুমুদিনী বুলেটিন

সেপ্টেমর - ডিসেমর ২০১৪

- দানবীর আর পি সাহার ১১৮তম জন্মজয়ন্তী উদযাপিত
- রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে দেশের বরেণ্য শিক্ষকদের শুভেচ্ছা সফর
- প্রতিবন্ধিতা উন্নয়ন মেলায় কুমুদিনীর অংশগ্রহণ
- জামদানী সামগ্রীর প্রদর্শনীতে কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টস-এর অংশগ্রহণ
- কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শনে বিদ্যুৎ প্রতিমন্ত্রী
- কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা
- রণদা নাটমন্দিরে কুমুদিনীর দুর্গা পূজা
- আলোর উৎসব "দীপাবলি" উদযাপিত
- ভারতেশ্বরী হোমসের ১২০ ছাত্রীর বিশ্বসাহিত্য কেন্দ্রের পুরস্কার লাভ
- আই এ হোসেনের দেহাবসান
- কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীদের শিরাবরণ অনুষ্ঠান
- 'রণদা প্রসাদ সাহা স্মারক গ্রন্থ'র প্রচছদ শিল্পীর দেহাবসান
- ভারতেশ্বরী হোমসের শিক্ষকের পিএইচডি লাভ
- বিটিভি'র সুবর্ণ জয়ন্তীতে ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের অংশগ্রহণ
- কুমুদিনী হাসপাতাল: চিকিৎসা পরিসংখ্যান
- 118th Birthday of Philanthropist R P Shaha Celebrated
- Eminent Teachers of the Country Visits RPSII
- Kumudini Handicrafts Participates in Protibandhi Unnayan Mela
- Kumudini Participates in Jamdani Exibition
- State Minister for Power Visits Kumudini Complex
- Annual Sports & Cultural Competition at KWMC
- Durga Puja of Kumudini Celebrated at Temple Founded by Ranada
- Festival of Light "Dipabali" Celebrated
- 120 Students of BH Win Prizes of Bishwa Sahitya Kendra
- I A Hossain Passes Away
- Capping Ceremony at Kumudini Nursing School & College
- Cover Designer of 'Ranada Prasad Shaha Smarak Grantha' Passes Away
- Teacher of BH Obtains PhD
- B H Participates in Golden Jubilee Celebration of BTV
- Kumudini Hospital: Treatment Statistics

দানবীর আর পি সাহার ১১৮তম জনাজয়ন্তী উদ্যাপিত

118th Birthday of Philanthropist R P Shaha Celebrated



Celebration of R P Shaha's 118th birthday at Mirzapur.

মির্জাপুর

গত ৩ নভেম্বর কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহার ১১৮তম শুভ জন্মজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্যাপিত হয়েছে টাঙ্গাইল জেলাধীন নিজ গ্রাম মির্জাপুরের কুমুদিনী কমপ্লেক্সে। এ উপলক্ষে নানা কর্মসূচি পালন করা হয়।

উল্লেখ্য, প্রতি বছর সকলের প্রিয় জেঠামনি দানবীর রণদা প্রসাদ সাহার জন্মজয়ন্তী পালন করা হয় হেমন্তের উত্থান একাদশী তিথিতে, কোন মাসের নির্দিষ্ট তারিখে নয়। এ বছর জন্মতিথিটি পড়েছে ৩ নভেম্বর।

দিবসটির সূচনা হয় প্রত্যুষে জেঠামনির পৈতৃক বাড়ির আঙ্গিনায় প্রভাত সঙ্গীত পরিবেশনের মাধ্যমে। প্রভাত সঙ্গীত পরিবেশন করে ভারতেশ্বরী হোমসের ছাত্রীবৃন্দ। আগের দিন রাতে ছাত্রীরা নানা বর্ণের ফলে ও বিচিত্র

Mirzapur

118th birthday of philanthropist Ranada Prasad Shaha the founder of Kumudini Welfare Trust was celebrated at his village home on 3rd November 2014. The celebration took place at Kumudini Complex, Mirzapur. Various programmes were chalked out for the occasion.

Every year the birth anniversary of R P Shaha is celebrated based on the Bengali calendar and it happens in Autumn. This year it happened to be on 3rd November.

The day begins with singing of songs early in the morning in the premises of the parental home of R P Shaha. The students of Bharateswari Homes rendered the songs. The night before, students decorated the home



আল্পনায় বাড়িটি সাজিয়ে তোলে। মধ্যাক্তে কাঙালী ভোজ, সন্ধ্যায় প্রদীপ প্রত্ত্বালন, প্রার্থনা সভা এবং ছাত্রীদের দৃষ্টিনন্দন শরীরচর্চা প্রদর্শন ইত্যাদি দিবসের কর্মসূচির অন্তর্ভুক্ত ছিল।

শুভ জন্মতিথি উদ্যাপনের অঙ্গ হিসেবে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ এভ হাসপাতালের ছাত্রী ও চিকিৎসকগণ স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি পালন করেন। তাছাড়া কুমুদিনী হাসপাতালের রোগীদের মধ্যে উন্নত খাবার পরিবেশন করা হয়।

মির্জাপুরবাসী তাদের কৃতী সন্তানের জন্মতিথিটি পালন করেন ভিন্ন আঙ্গিকে। এ উপলক্ষে গ্রামবাসী রণদার প্রতিকৃতিতে পুল্পাঞ্জলি অর্পণ করে জেঠামনির প্রতি শ্রদ্ধা জানান। মির্জাপুর প্রেসক্লাবে আয়োজন করা হয় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের। এতে প্রধান অতিথির আসন অলংকৃত করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা। মির্জাপুর ক্রিয়েটিভ ওয়ার্কস সোসাইটি গ্রামের শিশু–কিশোরদের জন্য আয়োজন করে ছবি আঁকা ও রচনা প্রতিযোগিতার। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রী ও শিক্ষকবৃন্দ দানবীর রণদা প্রসাদ সাহার জন্মতিথি পালন উপলক্ষে গত ১২ নভেম্বর এক অনুষ্ঠানের আয়োজন করেন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় ট্রাস্টের চেয়ারম্যান রাজীব প্রসাদ সাহা। with flowers and colourful paintings. The day's programme included feeding of the destitute at lunch, lighting of the candle in the evening, prayer, meeting and attractive physical display by the girls of Bharateswari Homes.

As part of the celebration students and teachers of Kumudini Women's Medical College arranged voluntary blood donation. Improved diet was served to the patients at Kumudini Hospital.

The villagers of Mirzapur celebrated the occasion in a different manner. They show respect by placing floral wreaths at the portrait of R P Shaha. Discussion meetings were arranged at Mirzapur Press Club followed by cultural show. The chief guest of the occasion was Mrs Srimati Shaha, Director of Kumudini Welfare Trust. Mirzapur Creative Works Society arranged painting and essay writing competitions for the children. Mr. Rajiv Prasad Shaha, Manging Director of Kumudini Welfare Trust distributed prizes amongst the winners.

Narayanganj

The students and teachers of Ranada Prasad Shaha University (RPSU) at Narayanganj observed the birth anniversary of philanthropist R P Shaha at the campus at Shitalakshya on 12 November 2014. The Chairman of the Board of Trustee of RPSU, Mr. Rajiv Prasad Shaha was the chief guest.



RPSU observes birth anniversary of philanthropist Ranada Prasad Shaha at Narayanganj.



ঐ দিন সকাল ১০টায় শীতলক্ষ্যায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে প্রধান অতিথি জাতীয় সঙ্গীত সহযোগে জাতীয় পতাকা উত্তোলন, দানবীরের প্রতিকৃতিতে পুল্পার্ঘ অর্পণ, মঙ্গল প্রদীপ প্রজ্বালনের মাধ্যমে জন্মোৎসবের শুভ উদ্বোধন করেন। এরপর বিশ্ববিদ্যালয়ে ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর ড. অমল কৃষ্ণ হালদারের সভাপতিত্বে রণদা প্রসাদ সাহার কর্ম ও শিক্ষা ভাবনার উপর এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছাড়াও আলোচনায় অংশ নেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের যুগা প্রশাসক স্বপন কুমার সাহা ও ব্যবস্থাপনা পরিচালকের উপদেষ্টা খন্দকার আফ্সার উদ্দিন।

আলোচনা শেষে প্রধান অতিথি 'মহান ব্যক্তিত্ব স্বর্গীয় রণদা প্রসাদ সাহা' শীর্ষক রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। অতঃপর শিক্ষার্থী, শিক্ষক ও অতিথিদের নিয়ে প্রধান অতিথি জন্মদিনের কেক কাটেন। আপ্যায়ন পর্ব শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগের শিক্ষক কণ্ঠশিল্পী প্রিয়াংকা গোপের পরিবেশনায় এক মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করা হয়।



A charming physical display by the Bharateswari Homes students in the evening.

রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে দেশের বরেণ্য শিক্ষকদের শুভেচ্ছা সফর

গত ২২ নভেম্বর বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রাক্তন সদস্য ও ঢাকা বিশ্ববিদ্যালয় সহ অন্যান্য ১৫ জন বিশিষ্ট শিক্ষাবিদ রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয় (আরপিএসইউ)-এ শুভেচ্ছা সফরে আসেন। তাঁদের ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেন বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও ট্রাস্টি বোর্ডের সদস্যবন্দ।

অতিথিগণ আরপিএসইউ–এর অবস্থান, পরিবেশ ও শিক্ষা কার্যক্রমের বিভিন্ন প্রসঙ্গ নিয়ে আলোচনা করেন। তাঁরা বিশ্ববিদ্যালয় এলাকা ঘুরে দেখেন এবং এর উন্নতিকল্পে অনেক গুরুত্বপূর্ণ পরামর্শ দেন। At 10 am the chief guest of the occasion raised the national flag while the national anthem was sung by all present. It was followed by laying of floral wreaths at the portrait of R P Shaha and lighting of candle. A discussion meeting presided over by the Acting Vice Chancellor of RPSU Prof Dr. Amal Krishna Halder took place. Life and works of R P Shaha with special emphasis on his thoughts on education was discussed. In addition to the chief Administrator the Joint of **KWT** (Narayanganj) Mr. Swapan Kumar Saha and Khandokar Afsaruddin, the adviser to the MD of KWT also spoke on the occasion. The chief guest distributed prizes among the winners of the essay competition titled "Great personality late Ranada Prasad Shaha". Along with the students, teachers and the guests the birthday cake was cut by the chief guest. A cultural programme was organized where singer Prianka Gope, a teacher of the Department of Music of Dhaka University. rendered songs.



Patients in Kumudini Hospital being served with improved diet on the occasion.

Eminent Teachers of the Country Visit RPSU

A former member of the University Grants Commission along with 15 eminent teachers of the country which included teachers from Dhaka University paid a courtesy visit to RPSU. The delegation was received with flower bouquet by the students, teachers, officers and the members of the Trustee Board of RPSU.

The guests were very happy with the beautiful location, environment and academic affairs of





Visiting teachers with the officials of RPSU.

সফরকারী শিক্ষকগণ হলেন ড. মুহিবুর রহমান (প্রাক্তন সদস্য, ইউজিসি), প্রফেসর ড. শান্তি নারায়ণ ঘোষ, প্রফেসর ড. আনোয়ার হোসেন, প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, প্রফেসর ড. মাহবুবুল মোকাদ্দেস আকাশ, প্রফেসর ড. ভীম্মদেব চৌধুরী, প্রফেসর ড. স্বপন কুমার বালা, প্রফেসর ড. আলী আক্লাস, প্রফেসর দ্বিজেন শর্মা, প্রফেসর ড. দেবী শর্মা, প্রফেসর ড. হায়াৎ মাহমুদ, প্রফেসর ড. সুপ্রিয়া সাহা, প্রফেসর ড. মোহাম্মদ রহমত উল্লাহ, সহকারী অধ্যাপক ড. পল্লব কুমার বিশ্বাস ও সহকারী অধ্যাপক মুকুল কুমার বারই।

আরপিএসইউ পরিদর্শন শেষে শিক্ষকবৃন্দ কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের নারায়ণগঞ্জের খানপুরস্থ হেড অফিসে যান। বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের চোয়ারম্যান রাজীব প্রসাদ সাহা সেখানে সম্মানিত অতিথিদের মধ্যাহ্ন ভাজে আপ্যায়িত করেন। আপ্যায়ন শেষে তিনি কুমুদিনীতে আগমন করার জন্য তাঁদের ধন্যবাদ জানান এবং নবপ্রতিচিত রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ের সাথে সংযুক্ত থাকার জন্য তাঁদের প্রতি বিনীত আহবান জানান। আরপিএসইউ—এর ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদার সফরকারী অতিথিদের সকলকে পরিচয় করিয়ে দেন। অধ্যাপকবৃন্দ বিশ্ববিদ্যালয়ের অগ্রগতি ও সাফল্য কামনা করেন এবং শিক্ষা ক্ষেত্রে সর্বপ্রকার সাহায্য—সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

the university. They went round the university campus, visited the classrooms, laboratories etc. and suggested development goals.

The delegation of teachers included Dr Muhibur Rahman (Former Member, UGC), Prof Dr Shanti Narayan Ghosh, Prof Dr Anwar Hossain, Prof Dr Mohammad Yusuf Ali Mollah, Prof Dr Mahbubul Mokaddes Akash, Prof Dr Vishmadeb Chowdhury, Prof Dr Swapan Kumar Bala, Prof Dr Ali Akkas, Prof Dwijen Sharma, Dr Devi Sharma, Prof Dr Hayat Mahmud, Prof Dr Supria Saha, Prof Dr Rahmatullah, Assistant Prof Dr Pallab Kumar Biswas and Assistant Prof Mukul Kumar Baroi.

On completion of the visit at RPSU the delegation left for the Head Office of KWT at Khanpur in Narayanganj. The Chairman of the Trustee Board of RPSU hosted lunch in honour of the visiting teachers. The Chairman thanked the delegation for their kind visit and expressed the hope that the delegation would extend support in building the newly founded university. The delegation assured of their all out support in the development and progress of RPSU.



প্রতিবন্ধিতা উন্নয়ন মেলায় কুমুদিনীর অংশগ্রহণ

Kumudini Participates in Protibondhi Unnayan Mela





Visitors eagerly watching the stall of Kumudini Welfare Trust in the campus of Protibandhi Unnayan Foundation at Mirpur.

তেইশতম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ১৬তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্যাপনের অংশ হিসেবে গত ৩-১০ ডিসেম্বর মিরপুরে জাতীয় প্রতিবন্ধী ফাউন্ডেশন চত্বরে আট দিন ব্যাপী প্রতিবন্ধী উন্নয়ন মেলার আয়োজন করা হয়। প্রদর্শনী ছাড়াও মেলায় প্রতিদিন আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা ছিল। এতে প্রায় ২০টি প্রতিষ্ঠান অংশ নেয় যার মধ্যে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অন্যতম। উল্লেখ্য, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গত ৩ ডিসেম্বর বাংলাদেশের মাননীয় রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ প্রতিবন্ধী উন্নয়ন মেলার উদ্বোধন ঘোষণা করেন। তিনি সমন্বিত সরকারি-বেসরকারি উদ্যোগের মাধ্যমে সম্মিলিতভাবে প্রতিবন্ধীদের অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠায় কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

মিরপুরে আয়োজিত এ মেলার উদ্বোধনী দিবসে বৈকালিক আলোচনার বিষয় ছিল 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষায় আমাদের করণীয়।' এতে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ও আরও দুটি সংগঠন অংশ নেয়। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব নাছিমা বেগম এনডিসি এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভার প্রধান অতিথি ছিলেন সমাজকল্যাণ মন্ত্রী সৈয়দ মহসিন আলী এমপি এবং বিশেষ অতিথি ছিলেন সমাজকল্যাণ প্রতিমন্ত্রী প্রমোদ মানকিন এমপি। আলোচনা শেষে ধন্যবাদ জ্ঞাপন করেন কুমুদিনী মেডিকেল কলেজ এড হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার। এরপর প্রদর্শিত হয় প্রামাণ্য চিত্র এবং পরিবেশিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।

উক্ত সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন কুমুদিনী মেডিকেল কলেজ ও

As part of celebration of the 23rd International Disability Day and 16th National Disability Day a fair was organized by National Protibondhi Foundation. The 8-day long fair was held at the campus of National Protibondhi Foundation at Mirpur from 3 to 10 December 2014. In addition to the exhibition the daily programme included discussion and cultural shows. Along with Kumudini 20 other organizations participated in the Mela (fair).

Earlier, Protibondhi Unnayan Exhibition was inaugurated by the Hon'ble President of Bangladesh Mr. Md Abdul Hamid at Bangabandhu International Conference Centre on 3 December 2014. He called upon the government and non-governmental organizations to work together in upholding the rights and honour of the disabled.

On the inaugural day of the fair at Mirpur the topic of discussion in the evening was "Our duty towards the rights and protection of the disabled". Kumudini Welfare Trust and other two organizations participated in this discussion. The discussion meeting was presided over by Secretary, Ministry of Social Welfare, Mrs. Nasima Begum, ndc. The chief





Social Welfare Minister Syed Mohsin Ali MP, the chief guest of the inaugural seminar of Protibandhi Unnayan Mela, expressing his satisfaction while visiting the stall of Kumudini Welfare Trust at Mirpur.

কুমুদিনী নার্সিং ক্ষুল এন্ড কলেজের ছাত্রীবৃন্দ। তাদের পরিবেশিত নৃত্য, সঙ্গীত ও অভিনয় অতিথি ও অন্যান্য দর্শকদের মুগ্ধ করে। কুমুদিনী মেডিকেল কলেজের ছাত্রীরা 'মানুষ মানুষের জন্য' শিরোনামে একটি নাটক পরিবেশন করে।

আট দিনের এ মেলায় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ছাড়াও আর যে সব প্রতিষ্ঠান অংশগ্রহণের জন্য নির্ধারিত ছিল সেগুলোর মধ্যে রয়েছে জাতীয় প্রতিবন্ধী ফোরাম, প্রশিসেস, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, প্রয়াস, সমাজসেবা অধিদপ্তর, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, পিএইচটিসি, সিআরপি, ভিপস, বার্ডো, বিউটিফুল মাইন্ড, অটিজম ওয়েলফেয়ার ফাউন্ডেশন, প্যারেন্টস ফোরাম, সোয়াক, বিপিকেএস, ন্যাডপো, দৃষ্টি প্রতিবন্ধী উন্নয়ন পরিষদ, পল্লী মানব কল্যাণ ফাউন্ডেশন, সুউড বাংলাদেশ, বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন, বাংলাদেশ প্রবীণ হিতৈষী সংঘ, ভিউ ফাউন্ডেশন, বাংলাদেশ ডাউন সিনড্রোম এসোসিয়েশন, ডিআরআরএ, অ্যাকসেস বাংলাদেশ ফাউন্ডেশন, কেয়ারিং গ্লোরি, এডিডি, সীড ট্রাস্ট, হ্যাভিক্যাপ ইন্টারন্যাশনাল ও জাতীয় তৃণমূল প্রতিবন্ধী সংস্থা।

guest of the occasion was Social Welfare Minister Syed Mohsin Ali, MP while the State Minister for Social Welfare Mr. Promod Mankin, MP was the special guest. At the end of discussion Dr. Dulal Chandra Podder, Director Kumudini Hospital gave his vote of thanks. This was followed by a documentary film and a cultural show. Students of Kumudini Women's Medical College and Kumudini Nursing School & College participated in the cultural show. The guests highly appreciated the performance of dance, music and acting. The students of Kumudini Women's Medical College staged a drama titled 'Manush Manusher Janya'. Along with Kumudini Welfare Trust many other organizations also took part in this eight-day long fair.



Participating students of Kumudini Women's Medical College and Kumudini Nursing School & College in Protibandhi Unnayan Mela.



জামদানী সামগ্রীর প্রদর্শনীতে কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টস-এর অংশগ্রহণ

Kumudini Handicrafts Participates in Jamdani Exibition





Left: A colourful display of Jamdani products in the stall by the country's most renowned fashion house Kumudini Handicrafts at the exhibition of Jamdani products.

Right: Mrs Srimati Shaha, Director of Kumudini Handicrafts, discussing about the future of Jamdani Craft in a live programme "Prasangik" aired by television channel 'Channel 24' during the exhibition.

ঢাকার সেগুনবাগানস্থ বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালায় গত ১১-১৩ নভেম্বর অনুষ্ঠিত তিন দিন ব্যাপী জামদানী সামগ্রীর প্রদর্শনী ও সেমিনারে দেশের অন্যতম স্বনামধন্য ফ্যাশন হাউস কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টস অংশগ্রহণ করে। বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিউ) এবং কোরিয়ান ইউনেস্কো জাতীয় কমিশন (কেএনসিইউ) এ প্রদর্শনী ও সেমিনারের আয়োজক। সহযোগিতা করেছে কোরিয়ার সংস্কৃতি, ক্রীড়া ও পর্যটন মন্ত্রণালয়। বাংলাদেশ সরকারের জামদানীর প্রসার ও বিকাশ প্রকল্পের আওতায় এ প্রদর্শনী ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে। দেশের আর যে দুটি বিখ্যাত ফ্যাশন হাউস জামদানীর বহুমাত্রিক উদ্ভাবিত পণ্যের এ প্রদর্শনীতে অংশ নেয় সে দুটি হলো আড়ং ও অঞ্জন'স।

বিএনসিউ ও কেএনসিউ এর যৌথ প্রকল্প "Safeguarding Ja dani – the Intangible Cultural Hertitage from Bangladesh and Promoting Creative Economy" - এর আওতায় গত ১১ নভেম্বর এ প্রদর্শনীর উদ্বোধন করেন শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী। এ সময় উপস্থিত ছিলেন ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব মনজুর হোসেন, কোরিয়া ন্যাশনাল কমিশন ফর ইউনেস্কোর প্রতিনিধি জি ওয়াং, ফ্যাশন ডিজাইনার বিবি রাসেল, জামদানী বিশেষজ্ঞ রুবী গজনবী, কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টস এর পরিচালক শ্রীমতী সাহা প্রমুখ।

Kumudini Handicrafts participated in the "Exhibition of Jamdani Products & Seminar" held at the Bangladesh Shilpakala Academy in Dhaka from 11 to 13 November 2014. The seminar was jointly organized by Bangladesh UNESCO National Commission (BNCU) and Korean UNESCO National Commission (KNCU). Support was provided by Korean Cultural, Sports and Tourism Ministry. Project for Promotion and Advancement of Jamdani products organized the event. In addition to Kumudini the other two major fashion houses of the country – Arong and Anjan's also participated.

The Director General of Shilpakala Academy Mr. Liaquat Ali Lucky inaugurated the exhibition 'Safeguarding Jamdani – the Intangible Cultural Heritage from Bangladesh and Promoting Creative Economy' on 11 November 2014. Those present on the occasion were Secretary UNESCO National Commission Mr. Manzur Hossain, representative of Korean National Commission for UNESCO Mr. Gi Wang, fashion designer Bibi Russel, jamdani specialist Rubi Gaznavi, Director







Mr. Gi Wang, reprentative of Korean UNESCO National Commission, KNCO speaking in the 'Exhibution of Jamdani Products & Seminar' at Bangladesh Shilpakala Academy.

বজারা জামদানী শিল্পের বহুমাত্রিক উপস্থাপনায় ভূয়সী প্রশংসা করেন। তাঁরা বলেন, তাঁতিদের দক্ষতার সঙ্গে সৃজনশীল ফ্যাশন ডিজাইনারদের মেলবন্ধনে জামদানী শিল্প রূপ নিয়েছে এক উচ্চমাত্রার নান্দনিকতায়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টস-এর পরিচালক শ্রীমতী সাহা। বক্তৃতাদানকালে তিনি বলেন যে, এ সম্মানজনক প্রদর্শনীতে অংশগ্রহণ করতে পেরে কুমুদিনী হ্যন্ডিক্রাফট্স আনন্দিত। আমাদের ঐতিহ্যবাহী শিল্প জামদানীর জন্য আমরা গর্ববােধ করি। তিনি তাঁর অভিজ্ঞতা বর্ণনা করতে গিয়ে বলেন, জামদানিকে বাঁচিয়ে রাখতে হলে সবার আগে তাঁতি, শিল্পী ও আর্থিক পৃষ্ঠপােষকতা এ তিনের সমন্বয় হতে হবে। ভালো সুতা, দক্ষ কারিগর, ঐতিহ্যবাহী নক্শা আর শীতলক্ষ্যার হাওয়ার কোনাে বিকল্প নেই বলেও শ্রীমতী সাহা তাঁর বক্তব্যে উল্লেখ করেন।

চ্যানেল ২৪ টেলিভিশন গত ১২ নভেমর তাদের সন্ধাকালীন অনুষ্ঠান 'প্রাসঙ্গিক' এ জামদানী শিল্পের অতীত, বর্তমান ও ভবিষ্যত নিয়ে কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টস এর পরিচালক শ্রীমতী সাহার একটি সাক্ষাৎকার প্রচার করে। অনুষ্ঠানে তাঁর সঙ্গে ছিলেন বাংলা একাডেমির মহাপ-রিচালক শামসুজ্জামান খান ও জামদানী তাঁত শিল্পী আবুল কাশেম। প্রদর্শনীতে ফ্যাশন হাউজ কুমুদিনী হ্যান্ডিক্রাফ্টস, আড়ং ও অঞ্জন'স ছাড়াও নারায়ণগঞ্জের রূপগঞ্জ ও সোনারগাঁয়ের ২০টি তাঁতশিল্প

ছাড়াও নারায়ণগঞ্জের রূপগঞ্জ ও সোনারগাঁয়ের ২০টি তাঁতশিল্প প্রতিষ্ঠান অংশ নেয়। প্রদর্শনীতে অংশগ্রহণকারী বুটিক হাউজ তিনটি শাড়ীর পাশাপাশি জামদানী কুশন, টেবিলক্লথ, বিছানার চাদর, পর্দা, সিরামিক বাসন-কোসন, শো পিস ইত্যাদি প্রদর্শন করে। তাঁতিরা তাদের স্টলগুলিতে মূলত পাঁচ হাজার থেকে ৪৫ হাজার টাকা দামের শাড়ি প্রদর্শন ও বিক্রয়ের জন্য নিয়ে আসেন। of Kumudini Handicrafts Mrs. Srimati Shaha.

Speakers praised the diversified exposure of the crafts. They said the skill and expertise of the weavers and innovate work of the designers had taken this industry to a greater height. Among others Director of Kumudini Handicrafts Mrs. Srimaiti Shaha also spoke. She expressed satisfaction on behalf of Kumudini Handicrafts for being able to participate. She said that we are all proud of our Jamdani heritage. While expressing her experience in this field she stressed the need of taking care of three important aspects i.e. weavers, artisans and financial support in order to help this industry survive. She also said that there is no substitute to good quality thread, skilled worker, traditional design and the favourable environment around river Shitalakshya.

TV Channel 'Channel 24' on 12 November telecast a special live interview cum discussion on Jamdani craft in its regular programme 'Prasongik' where Mrs. Srimati Shaha of Kumudini participated. Director General of Bangla Academy Mr. Shamsuzzaman Khan and jamdani weaver Mr. Abul Kashem were the two other participants in the programme.

In addition to fashion houses like Kumudini, Arong and Anjan's twenty other weavers organizations also participated in the exhibition. The participating boutique houses exhibited cushion, table cloth, bed sheet, screen, ceramic ware, show piece of jamdani motif along with the major item of sari.



প্রদর্শনীর সমাপ্তি দিবসে 20 বিকেলে শিল্পকলা নভেম্বর একাডেমিতে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. নজরুল ইসলাম খানের সভাপতিতে অনুষ্ঠিত উক্ত সেমিনারে প্রধান অতিথি ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. রণজিৎ কুমার বিশ্বাস। আরও উপস্থিত ছিলেন বিএনসিইউ-এর সচিব মনজুর হোসেন, কেএনসিইউ প্রতিনিধি বাংলাদেশ শিল্পকলা একাডেমির লিয়াকত মহাপরিচালক আলী नाकी। এ अनुष्ठात कुत्रुपिनी হ্যন্ডিক্রাফটসকে বিশেষ পুরস্কারে সম্মানিত করা হয়।



Kumudini received a special certificate in the exhibition for outstanding contribution in safeguarding Jamdani.

A seminar was arranged at Shilpakala Academy on 13 November, the closing day of the exhibition. The seminar was presided over by Secretary of the Ministry of Education Mr. Nazrul Islam Khan and the chief guest was Seretary Ministry of Cultural affairs Dr. Ranjit Kumar Bishwas. Secretary **BNCU** Mr. Manzur Hossain, representative of KNCU Gi Wang and Director General of Bangladesh Shilpakala Academy Mr. Liaquat Ali Lucky were also present. Kumudini Handicraft was glorified in the exhibition with a special prize.

কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শনে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

State Minister for Power Visits Kumudini Complex



Mr. Md. Nasrul Hamid MP, State Minister for Power, Energy and Mineral Resources at Bharateswari Homes during his visit to Kumudini Complex, Mirzapur.



বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী মো. নসরুল হামিদ এমপি গত ২৭ অক্টোবর মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন করেন। সকাল ৯টার প্রতিমন্ত্রী মহোদর হেলিকন্টারে কুমুদিনী হেলিপ্যাডে অবতরণ করলে কুমুদিনী ওয়েলফেরার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা তাঁকে শুভেচ্ছা জানান। এসময়ে উপস্থিত ছিলেন মির্জাপুর উপজেলার সহকারি কমিশনার(ভূমি) নাসরিন সুলতানা, কুমুদিনী উইমেস মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর এম এ হালিম, কুমুদিনী হাসপাতাল কলেজের পরিচালক ড. দুলাল চন্দ্র পোদ্দার, ভারতেশ্বরী হোমস ও কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের অধ্যক্ষগণ, টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জেনারেল ম্যানেজার অসীম কুমার দাস এবং মির্জাপুর উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ডিজিএম ওয়াহিদুল হক।

বিদ্যুৎ প্রতিমন্ত্রী কমপ্লেক্সে অবস্থানকালে কুমুদিনী হাসপাতাল, ভারতেশ্বরী হোমস, কুমুদিনী উইমেস মেডিকেল কলেজ, কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজ কমপ্লেক্সের নবনির্মিত ১১/০.৪১৫ কেন্ডি, ১০০০ কেন্ডিএ ক্ষমতার বিদ্যুৎ উপকেন্দ্রটি পরিদর্শন করেন। কমপ্লেক্সের বিভিন্ন ইউনিট পরিদর্শন করে তিনি উচ্ছুসিত প্রশংসা করেন। প্রতিমন্ত্রী মো. নসরুল হামিদ বলেন, বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে ২০২১ সালের মধ্যে দেশের প্রতিটি গৃহে বিদ্যুৎ পৌঁছানোর পরিকল্পনা করেছে। এ উদ্দেশ্যে অগ্রাধিকার ভিত্তিতে দেশের বিভিন্ন স্থানে বিদ্যুৎ প্লান্ট স্থাপন করা হচ্ছে।

কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

মির্জাপুরে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে গত ২১ ও ২২ অক্টোবর বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। কুমুদিনী কমপ্লেক্সে অবস্থিত বি পি পতি হলে ২১ অক্টোবর সকাল ১০ টায় জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে দু'দিনব্যাপী এ অনুষ্ঠানের সূচনা হয়। এ উপলক্ষে ২২ অক্টোবর সকাল ৮টায় কমপ্লেক্সের অরুণিমা ছাত্রীবাস হতে একটি বর্ণাঢ্য ব্যালী বের করা হয়।

বি পি পতি হলে অনুষ্ঠিত সাংস্কৃতিক প্রতিযোগিতার বিষয় ছিল সঙ্গীত, নৃত্য, অভিনয়, কৌতুক, উপস্থিত বক্তৃতা, আবৃত্তি ও চিত্রাঙ্কন। পক্ষান্তরে, বি এস হলে অনুষ্ঠিত ক্রীড়া প্রতিযোগিতার ইভেন্টসমূহের মধ্যে ছিল টেবিল টেনিস, কেরাম, দাবা, ব্যাডমিন্টন ও লুড়। কিছু কিছু ইভেন্টে ছাত্রীদের সঙ্গে কলেজের শিক্ষক ও স্টাফরাও অংশগ্রহণ করেন।

গত ২৯ নভেম্বর বি পি পতি হলে বিজয়ী প্রতিযোগিদের মধ্যে আনুষ্ঠানিকভাবে পুরস্কার বিতরণ করা হয়। এ অনুষ্ঠানের প্রধান

State Minister for Power, Energy and Mineral Resources Mr. Md Nasrul Hamid, MP visited Kumudini Complex at Mirzapur on 27 October 2014. The State Minister arrived by helicopter at 9 in the morning. He was received by the MD of KWT Mr. Rajiv Prasad Shaha. Those present to welcome the guest were Principal of Kumudini Women's Medical College Prof M A Halim, Director Kumudini Hospital Dr Dulal Chandra Podder, Principals of Bharateswari Homes and Kumudini Nursing School & College; Assistant Commissioner (Land) of Mirzapur Upazila Ms Nasreen Sultana, General Manager Tangail Biddyut Samity-1 Mr. Ashim Kumar Das and DGM Mirzapur Upazila Biddyut Samity-1 Mr. Wahidul Haq.

During his stay at Kumudini Complex the State Minister visited Bharateswari Homes, Kumudini Women's Medical College, Kumudini Nursing School & Nursing College and the newly set up 11/0.415 kVA electric sub-station. He praised the work being carried out by different units of Kumudini. State Minister Mr. Nasrul Hamid said that with a view to making digital Bangladesh the government has planned to provide electricity to every home by 2021. The government is, therefore, building power plants in different parts of the country on urgent basis.

Annual Sports & Cultural Competition at KWMC

Annual Sports & Cultural Competition of Kumudini Women's Medical College (KWMC) was held at Kumudini Complex on 21 and 22 October 2014. The two - day long programme commenced with the singing of national anthem at B P Pati Hall at 10 in the morning of 21 October 2014. To mark the occasion a colourful procession was brought out from Aurunima Girls' Hostel of Kumudini Complex at 8 am on 22 October.

The programme at B P Pati Hall included music, dance, acting, extempore speech, drawing etc. On the other hand the programme at B S Hall included table tennis, carom, chess, badminton and ludu. In some of the events the teachers and staff of the college participated along with the students as well.

Formal prize distribution among the winners was





Annual sports and cultural competition of KWMC begins with the rendering of National Anthem by the students.

অতিথি ছিলেন আইন ও সালিশ কেন্দ্রের নির্বাহী পরিচালক এবং তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এডভোকেট সুলতানা কামাল। তিনি প্রধান অতিথির ভাষণে ছাত্রীদের মুক্তিযুদ্ধের চেতনায় শানিত থাকার আহবান জানান। এ অনুষ্ঠানে এডভোকেট সুলতানা কামাল ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী ছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেন। কলেজের অধ্যক্ষ প্রফেসার ডা. মোহাম্মদ আবদুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী সভায় বিশেষ অতিথি ছিলেন এডভোকেট সুপ্রিয় চক্রবর্তী, এডভোকেট নীনা গোস্বামী ও কেডব্লিউটি'র ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা। আরও উপস্থিত ছিলেন কেডব্লিউটি'র প্রশাসক ও পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের একাডেমিক উপদেষ্টা অধ্যাপক ডা. এম এ জলিল এবং কুমুদিনী উইমেন্স মহিলা কলেজ ও হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন প্রফেসর ডা. খন্দকার শাহনেওয়াজ। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন কলেজের ছাত্রী মুন রায়, রোমানা খান নিতু, ব্যাপ্তি রায়, সংযুক্তা রায়, অনামিকা ও মৌরিতা বড়য়া। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন সোবিয়া বিলাল ও আফসানা তাসনীম অনন্যা।

পক্ষান্তরে, এ অনুষ্ঠানের প্রধান অতিথি একই দিন বিকেলে ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে অনুষ্ঠিত এক সভায় ঐ বিদ্যায়তনের শিক্ষা ও সাংস্কৃতিক সপ্তাহ: ২০১৪-এ অংশগ্রহণকারী শতাধিক বিজয়ী ছাত্রীকেও আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান করেন। held at B P Hall on 29 November 2014. The Executive Director of "Ain O Shalish Kendro" and former Adviser to the Caretaker Govt. Advocate Sultana Kamal was the chief guest on the occasion. In her speech as the chief guest she asked the students to be imbued with the spirit of the liberation war. Later on she distributed prizes among the winners. The programme was presided over by the Principal of Kumudini Women's Medical College Prof M A Halim. The special guests were Advocate Supria Chakraborty, Advocate Nina Goswami, and MD of KWT Mr. Rajiv Prasad Shaha. Those present on the occasion were Director of KWT Ms Protiva Mutsuddy, Academic Adviser of Kumudini Women's Medical College Prof Dr M A Jalil and Director Kumudini Hospital Dr Dulal Chandra Podder. The welcome address of the programme was delivered Dr Khandker Shahnawaz. Students of the college Moon Roy, Romana Khan Nitu, Byapti Roy, Anamika and Maurita Barua rendered various songs. The programme was presented by Shobia Bilal and Afsana Tasnim.

The chief guest of this occasion also on the same day distributed prizes in a separate programme among the students of Bharateswari Homes who participated in the programme in their 'Education & Cultural Week: 2014'. The programme was arranged at the PPM Hall of Bharateswari Homes.



রণদা নাটমন্দিরে কুমুদিনীর দুর্গা পূজা

Durga Puja Celebrated at Kumudini



A scene from the dance drama 'Durga Durgatinashini' presented by the students of Bharateswari Homes at Ranada Natmondir.

গত ১ অক্টোবর থেকে ৩ অক্টোবর দানবীর রণদা প্রসাদ সাহার মির্জাপুরস্থ বসতভিটায় প্রতিষ্ঠিত রণদা নাটমন্দিরে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের উদ্যোগে শারদীয় দুর্গোৎসব উদ্যাপিত হয়। মন্দির পার্শ্বস্থ লৌহজং নদীতে গত ৪ অক্টোবর সন্ধ্যায় শুভ বিজয়ার দিন প্রতিমা নিরঞ্জনের মধ্য দিয়ে উৎসবের সমাপ্তি ঘটে।

উৎসবের প্রতিটি দিবসে অনুষ্ঠিত হয় পূজা এবং সন্ধ্যারতি। এছাড়া আনন্দমুখর পরিবেশে প্রতিটি সন্ধ্যায় পরিবেশিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। ভারতেশ্বরী হোমসের নির্বাচিত ছাত্রীদের অংশগ্রহণে পরিবেশিত হয় নৃত্যনাট্য 'দুর্গা দুর্গতিনাশিনী'।

উৎসবের দিনগুলোতে রণদা নাটমন্দিরে ঢাকাস্থ বিদেশী দূতাবাসের সদস্যবৃন্দ, ভক্ত, দেশের বরেণ্য ব্যক্তিবর্গ, বিভিন্ন শ্রেণি-পেশার দর্শকের সমাবেশ ঘটে।

উৎসব উপলক্ষে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পক্ষ থেকে দরিদ্র সাধারণের মাঝে বস্ত্র বিতরণ ও প্রসাদ বিতরণের ব্যবস্থা করা হয়। প্রতি বছরের মতো এবারও অত্যন্ত শান্তি ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে শারদীয় দুর্গোৎসব সম্পন্ন হয়। Kumudini Welfare Trust organized celebration of Durga Puja from 1 to 3 October 2014 at the temple set up by philanthropist Ranada Prasad Shaha at his parental homestead at Mirzapur. The immersion of the deity was performed on 4 October in the river Lauhajang that flows along the northern side of the temple.

Everyday of the Puja festival comprised of offering of prayers and cultural shows. Selected students of Bharetswari Homes presented a dance drama 'Durga Durgatinashini'. During the Puja celebration huge number of visitors including members of foreign missions located at Dhaka, eminent personalities of the country, people from all walks of life and devotees visited the temple.

As part of tradition Kumudini Welfare Trust arranged for distribution of cloths among the poor and entertained the devotees with "Prasad". Like in the past years the celebration took place in a peaceful and happy manner.



আলোর উৎসব "দীপাবলি" উদ্যাপিত

Festival of Light "Dipabali" Celebrated



Deepabali, the festival of light. Evening look of Bharateswari Homes during the festival.

গত ২৩ অক্টোবর মির্জাপুরস্থ কুমুদিনী কমপ্লেক্সে উদ্যাপিত হয় আলোর উৎসব দীপাবলি। অমাবস্যা তিথিতে শ্যামাপুজার এ দিনে সন্ধ্যায় তেলের প্রদীপ ও মোমবাতি জ্বালিয়ে দীপান্বিতা বা দীপাবলি উৎসব উদ্যাপন করা হয়।

এ উপলক্ষে শ্যামাপূজার সন্ধ্যায় ভারতেশ্বরী হোমস, কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজ, কুমুদিনী উইমেস মেডিকেল কলেজ এন্ড হাসপাতালে হাজার হাজার প্রদীপ প্রজ্বালন করা হয়। পরে সকল প্রতিষ্ঠানে পরিবেশন করা হয় উৎসব খাবার।

ভারতেশ্বরী হোমসের ১২০ ছাত্রীর বিশ্বসাহিত্য কেন্দ্রের পুরস্কার লাভ

ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে গত ৪ সেপ্টেম্বর সকালে এ বিদ্যায়তনের ১২০ ছাত্রীকে বিশ্বসাহিত্য কেন্দ্রের বই পড়া কর্মসূচিতে সফল অংশগ্রহণের স্বীকৃতি স্বরূপ 'বই' দিয়ে পুরস্কৃত করা হয়। বই পড়া কর্মসূচিতে শিক্ষার্থীরা বাংলা সাহিত্য ও বিশ্ব কিশোর সাহিত্যের ১৬টি বই পড়ার সুযোগ পায়। সফল পাঠিকাদের হাতে পুরস্কার তুলে দেন ভারতেশ্বরী হোমসের প্রিন্সিপাল প্রতিভা Dipabali, a festival of light, was observed on 23 October 2014 at Kumudini Complex, Mirzapur. The event is generally celebrated as Shyamapuja on the day prior to the next new moon. Candles were lighted in the evening to celebrate the occasion.

On this occasion of Shyamapuja thousands of candles were lighted at Bharetswari Homes, Kumudini Hospital, Kumudini Nursing School & College and Kumudini Women's Medical College. The celebration was followed by provision of improved food distribution in the next morning.

Students of B H Win Prizes of Bishwasahitya Kendra

One hundred and twenty students of Bharateswari Homes won prizes in the Book Reading Competition Project organized by Bishwasahitya Kendra. The prize distribution ceremony was held in the PPM Hall of Bharasteswari Homes on 4 September 2014.

Under this project students availed the opportunity of reading 16 books of Bangla literature and world adolescent literature. Principal of Bharateswari





Winners in the Book Reading competition.

হালদার। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্বসাহিত্য কেন্দ্রের ভারতেশ্বরী হোমস শাখার সংগঠন হেনা সুলতানা, ভাইস প্রিন্সিপাল মো. গোলাম কিবরিয়া, এ্যাসিন্টেট হেডমিস্ট্রেস নমিতা পাল, সিনিয়র সুপারভাইজার ড. অনামিকা সাহা প্রমুখ।

পুরস্কার বিতরণী অনুষ্ঠান শেষে ছাত্রীরা একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। Homes Mrs. Protiva Halder handed over the prizes to the successful readers. Ms Hena Sultana, the organizer of Bharateswari Homes branch of Bishwasahitya Kendra was present along with Vice Principal Mr. Golam Kibria, Assistant Headmistress Mrs. Namita Pal, Senior Supervisor Dr Anamika Saha.

The prize distribution ceremony was followed by a cultural programme presented by the students.

আই এ হোসেনের দেহাবসান

কুমুদিনী ফার্মা লি: এর সাবেক ব্যবস্থাপনা পরিচালক এবং রিলায়্যাঙ্গ ইন্যুরেঙ্গ লি: এর পরিচালক ইফতিখার এরশাদ হোসেন গত ১১ অক্টোবর ঢাকার একটি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি হৃদরোগজনিত সমস্যা নিয়ে হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। তাঁর বয়স হয়েছিল প্রায় ৭৬ বছর। মৃত্যুকালে তিনি বিধবা স্ত্রী, তিন পুত্র ও বহু আত্মীয় স্বজন রেখে গেছেন। কুমুদিনী পরিবারের একান্ত আপনজন প্রয়াত হোসেনকে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে জানাজা শেষে মির্জাপুর গোরস্থানে শাশুড়ী বিজয়া খানের কবরের পাশে দাফন করা হয়।

ব্যক্তিগত জীবনে মরহুম ইফতিখার ছিলেন দানবীর আর পি সাহার প্রয়াত জ্যেষ্ঠ কন্যা বিজয়া খানের বড় মেয়ে মিসেস অঞ্জু হোসেনের স্বামী।

Iftikhar Arshad Husain (1938-2014)

I A Husain Passes Away

Former Managing Director of Kumudini Pharma Ltd. and Director of Reliance Insurance Ltd. Mr. Iftikhar Arshad Husain breathed his last at a local hospital in Dhaka on 11 October 2014. He was under treatment at the hospital for heart ailments. Mr. Husain was around 76 years old. He is survived by his ailing wife, three sons and a host of friends and relatives. A very close associate of Kumudini family late Iftikhar Husain was buried beside his mother-in-law Mrs. Bijoya Khan at Mirzapur graveyard. His Namaj-e-Janaza was

held at Kumudini Complex, Mirzapur.

Late Iftikhar Arshad Husain was the husband of Mrs. Anju Husain, the eldest daughter of R P Shaha's eldest daughter Mrs. Bijoya Khan.



কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীদের শিরাবরণ অনুষ্ঠান

Capping Ceremony at Kumudini Nursing School & College



Mrs. Maleka Khan, Ms Protiva Mutsuddy, Sister Rina Cruz and others with the students in the Capping ceremony.

লেডি উইথ দ্য ল্যাম্প ফ্লোরেন্স নাইটিঙ্গেলের বিশ্বাস ছিল মানব সেবাকর্মে নিজেকে উৎসর্গ করার জন্য ঈশ্বরের কাছ থেকে তাঁর ডাক এসেছে। এই বিশ্বাসেই তিনি নার্সিং বিজ্ঞানে এবং শিল্পে নিজেকে দক্ষ করে তুলতে আজীবন কঠোর পরিশ্রম করেন। লন্ডনের সেন্ট থমাস হাসপাতালে নার্সিং স্কুল প্রতিষ্ঠার মাধ্যমে পেশাদার নার্সিংয়ের ভিত্তি স্থাপন করেন তিনি ১৮৬০ সালে। তাঁরই তৈরি করা শপথ বাক্য পাঠ করে গত ১৭ ডিসেম্বর কুমুদিনী নার্সিং স্কুল ও কলেজের সেবিকা বোনদের শিরাবরণ প্রদান অনুষ্ঠিত হয়। কুমুদিনী নার্সিং স্কুল এভ কলেজের ছাত্রীদের ক্যাপ পরানোর পাশাপাশি প্রজ্জ্বলিত মোমবাতি হাতে নিয়ে শপথ পড়ানো হয়।

কুমুদিনী কমপ্লেক্সের পি পি এম হলে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল সিস্টার রিনা ক্রুস। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজ সেবী এবং ফেডারেশন অব বাংলাদেশ বিজনেস এন্ড প্রফেশনাল উইমেন্স এর প্রেসিডেন্ট মালেকা খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দি ও কবি শামসুজ্জাহান নুর।

সিস্টার রিনা ক্রুস এর শুভেচ্ছা বক্তব্যের পর সেবিকাদের শপথ বাক্য পাঠ করান ভাইস প্রিন্সিপাল সিস্টার শিফালী সরকার। এ উপলক্ষে ছাত্রীরা একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলে কুমুদিনী কমপ্লেক্সে অবস্থিত সকল শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ। Lady with the lamp Florence Nightingale believed that God had called her to dedicate herself to the service of humanity. This belief made her dedicate her life to study nursing science and attain the skill needed. She set up the Nursing School at St Thomas Hospital in London in 1860. The oath that she coined was read out by the sisters of Kumudini Nursing School & College during the Capping Ceremony on 17 December 2014. Along with putting up of the caps the students took oath with lighted candles in their hand.

The ceremony which took place at the PPM Hall of Kumudini Complex was presided over by the Principal of Kumudini Nursing School & College Sister Rina Cruz. The chief guest on the occasion was eminent social worker Mrs. Maleka Khan, President of Federation of Bangladesh Business & Professional Women. Special guests were Ms Protiva Mutussudy and poet Shamsuzzahan Nur.

After the welcome address by Sister Rina Cruz the oath by the nurses was conducted by Vice Principal Sister Shefali Sarker. A colourful cultural show was presented by the students. All the teachers of different educational institutions in Kumudini Complex were present on the occasion.




'রণদা প্রসাদ সাহা স্মারক গ্রন্থ' এর প্রচ্ছদ শিল্পীর দেহাবসান

Cover Designer of `Ranada Prasad Shaha Smarak Grantha' Passes Away

বাংলাদেশের আধুনিক চিত্রকর্মের পথিকৃৎ শিল্পী
কাইয়ুম চৌধুরী গত ৩০ নভেম্বর, ২০১৪
মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৮২ বছর।
১৯৩২ সালের ৯ মার্চ ফেনীতে জন্মগ্রহণকারী
এই শিল্পী 'রণদা প্রসাদ সাহা স্মারক্ষান্ত্'সহ বছ
বিখ্যাত গ্রন্থের প্রচ্ছদ অঙ্কন করেছেন। ঢাকা
আর্ট কলেজের ১৯৫৪ সালের গ্র্যাজুয়েট এবং
শিল্পাচার্য জয়নুল আবেদীনের অন্যতম সহযোগী
শিল্পী কাইয়ুম চৌধুরী বইয়ের প্রচ্ছদ অঙ্কনের
ক্ষেত্রে ছিলেন নিজেই এক প্রতিষ্ঠান।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পক্ষ থেকে আমরা তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করি।



Quayum Chowdhury (1932-2014)

Eminent painter of Bangladesh Quayum Chowdhury breathed his last on 30 November 2014. He was 82 years old. This famous artist was born at Feni on 9 March 1932. He was the cover designer of Ranada Prasad Shaha Smarak Grantha and many other famous books. He graduated from Dhaka Art College in 1954 and was a close associate of Shilpacharya Joinul Abedin. In the field of cover design he was considered an institution. On behalf of Kumudini Welfare Trust we all pray for the salvation of the departed soul.

ভারতেশ্বরী হোমসের শিক্ষকের পিএইচডি ডিগ্রী লাভ

ভারতেশ্বরী হোমসের ভূগোলের শিক্ষক ও সিনিয়র সুপারভাইজার অনামিকা সাহা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ২০১৪ সালে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তাঁর থিসিসের বিষয় ছিল "পানিতে আর্সেনিক বিষক্রিয়া ও সামাজিক সমস্যা"। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের ভূগোল ও পরিবেশ বিভাগের প্রফেসর ড. মো. মঞ্জুরুল হাসানের তত্ত্বাবধানে উক্ত বিষয়ে তিনি গবেষণা করেন।



Dr. Anamika Saha

Teacher of Bharateswari Homes Obtains PhD

Teacher of Bharateswari Homes & Senior Supervisor Mrs. Anamika Saha obtained PhD from Jahangirnagar University in 2014. Her topic of thesis was'Arsenic poisoning in water & social problem'. She carried out research under the guidance of Prof Dr Md. Manzurul Hasan of the Department of Geography and Environment under the Faculty of Social Sciences.



বিটিভি'র সুবর্ণ জয়ন্তীতে ভারতেশ্বরী হোমসের অংশগ্রহণ

B H Participates in Golden Jubilee Celebration of BTV



Students of Bharateswari Homes in Golden Jubilee Celebration of BTV.

গত ২৫ ডিসেম্বর বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তিতে সুবর্ণ জয়ন্তী পালন করে। এ উপলক্ষে বিটিভি'র সপ্তাহব্যাপী আয়োজিত অনুষ্ঠানমালায় ভারতেশ্বরী হোমসের অংশগ্রহণ ছিল উল্লেখযোগ্য।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঐ দিন বিকেলে সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন করেন। সাংস্কৃতিক অনুষ্ঠানের শুরুতে কবি আবদুল মান্নান রচিত সুবর্ণ জয়ন্তী সংগীতের সাথে নৃত্য পরিবেশন করে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা। এছাড়া ভারতেশ্বরী হোমসে ধারণকৃত ৫০ মিনিটের একটি সাংস্কৃতিক অনুষ্ঠানও উদ্বোধনী দিবসে বিটিভি থেকে প্রচার করা হয়।

এর আগে ২৫ ডিসেম্বরের শুরুতে রাত ১২টা এক মিনিটে বিটিভি প্রচার করে ভারতেশ্বরী হোমসের পরিবেশনায় গীতি আলেখ্য 'আগুনের পরশমনি।' বিটিভি উদ্যাপিত সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানে ভারতেশ্বরী হোমস পরিবেশিত বিষয়গুলোর মধ্যে ছিল সমবেত কণ্ঠে নজরুল সংগীত, লোকনৃত্য, পুতুল নাচ, দলীয় নৃত্য ইত্যাদি।

বিটিভি'র সুবর্ণ জয়ন্তী উপলক্ষে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহার একটি সাক্ষাৎকার প্রচারিত হয়। তিনি তাঁর বক্তব্যে বিটিভি'র সর্বাঙ্গীন সাফল্য কামনা করেন। Bangladesh Television (BTV) celebrated its Golden Jubilee i.e. 50th anniversary of founding on 25 December 2014. Participation of Bharateswari Homes in the week long programme of BTV was an important event.

The programme was inaugurated by Hon'ble Prime Minister Sheikh Hasina in the evening of 25 December. The programme began with the dance performed by the students of Bharateswari Homes in tune with the Golden Jubilee song composed by poet Abdul Mannan. In addition, a 50 minutes long cultural programme recorded at Bharateswari Homes was also aired by BTV on the inaugural day.

At one minute past 12 early morning of 25 December BTV aired a dance drama named 'Auguner Poroshmoni' presented by the students of Bharateswari Homes. The Golden Jubilee programme of BTV included many events in which students of Bharateswari Homes participated.

On the occasion of BTV's Golden Jubilee celebration an interview of Mr. Rajiv Prasad Shaha, Managing Director Kumudini Welfare Trust, was telecast. In the interview he wished all round success of BTV.



Photo Feature



We congratulate Principal Protiva Mutsuddy on her reaching eighty years of age. In spite of being an octogenarian this great lady is still discharging her duty with full enthusiasm and missionary zeal. She is a reverend teacher, a successful administrator and a genuine friend of Kumudini. In the picture above she is looking at a wall magazine 'Shuvo Janmadin' brought out by the beloved students of Bharateswari Homes on her Birthday. Long live Ms Mutsuddy and may she continue her relentless service to the humanity.



Celebration of our 44th Victory Day at Bharateswari Homes.



Photo Feature



Adviser to the former Caretaker Govt. Advocate Sultana Kamal distributing prizes to one of the winners in the Literature & Cultural Week: 2014 programme of Bharateswari Homes.

-19 Nov., 2014, Mirzapur



Eminent Scholar Professor Zillur Rahman Siddique died on Nov 11, 2014 at the age of 86. A flower bouquet is being offered as a symbol of deep respect to him on behalf of Kumudini Welfare Trust.



কুমুদিনী হাসপাতাল চিকিৎসা পরিসংখ্যান সেপ্টেম্বর-ডিসেম্বর ২০১৪

Treatment Statistics

Kumudini Hospital

66-	 0	

*	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
পোলিও	৩৮৬	৬৯৬	৩৮০	৩৭৮
चि. चि.	262	578	228	778
মিজেলস	64	¢8	68	¢8
বিসিজি	280	১৬৩	১২৯	৬8
রোবেলা	හෙ	50	4-5	99
ভিটা-এ	क्रवंद	: - :	90	-
পেন্টাভেলেন্ট	908	৬০৬	২৯৮	200

হাসপাতালে ভর্তিকৃত রোগী

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
ভর্তি	৩৫৭৮	৩৪২৫	৩৩৮২	৩২০৭

বর্হিবিভাগে রোগী

-111	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
	35998	২০৭৪৬	25827	১৭৮৬১

হাসপাতালে মৃত্যু

সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
89	୯୭	৬৮	৭৩

অন্ত্রপচার পরিসংখ্যান সার্জারী

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	৫৩	60	৬৩	৩৮
সেমি মেজর	80	৩৭	৩২	೨೦
মাইনর	২৯৬	020	989	২৮৮

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	াডসেম্বর
মেজর	১৬	22	২৭	২৬
সেমি মেজর	32	25	20	52
মাইনর	৬৩১	899	৬৪৬	৬৪৫

নাক, কান, গলা

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	86	2.0	೨೦	ඉල
মাইনর	œ	8	ъ	ъ

গাইনী

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	೨೨	29	಄಄	২৬
সেমি মেজর	26	ಿ 8	७8	೨೦
মাইনর	٩	20	22	के
The second secon		//		*

অবস্ট্রেটিকস

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেমর	ডিসেম্বর
মেজর	252	১২৬	266	১৬৯
মাইনর	780	১৫৬	787	225

চকু

চক্ষু অপারেশন	সেপ্তেমর	অক্টোবর	নভেম্বর	ভিসেম্বর
মোট	৩৭২	২৮২	800	৩০৬
দন্ত				
অপারেশন দন্ত	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর

অপারেশন দন্ত

	177700000000000000000000000000000000000	The state of the s		700000000000000000000000000000000000000
মেজর	b8	22	٥٥	৬১
মাইনর	১৬	୯୦	99	72
মাইনর অপারেশন	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
বর্হিবিভাগ	b-5	৬৭	৬৫	6.9

চক্ষু শিবির

ঠিকানা	মাস/তারিখ	পুরুষ	মহিলা	মোট
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/5/2058	290	300	৩৭০
মধুপুর, টাঙ্গাইল	\$6\p\\\2028	১৫২	290	৩২৭
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	b/30/2038	90	ъ	চত
মধুপুর, টাঙ্গাইল	26/20/5078	772	200	২৬৮
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	8/22/5028	200	200	800
মধুপুর, টাঙ্গাইল	26/22/5028	200	২৪৩	৩৭৩
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/52/2058	৮৭	200	২৮৭
মধুপুর, টাঙ্গাইল	26/25/5078	255	224	280

September-December 2014

Vaccination Programme

	September	October	November	December
Polio	386	696	380	378
T.T.	158	214	214	114
Measles	87	54	64	54
B.C.G.	140	163	129	64
Robela	53	90	82	77
Vita- A Cap	189	-	35	:=:
Pantavalent	304	606	298	301

Patient Admitted in Hospital

	September	October	November	December
Admission	3578	3425	3382	3207

Out Patient

September	October	November	December
18774	20746	21429	17861

Patient Death in Hospital

September	October	November	December
47	59	68	73

Operation Surgery

	September	October	November	December
Major	53	50	63	38
Semi Major	45	37	32	33
Minor	296	313	343	288

Orthopaedics

	September	October	November	December
Major	16	22	27	26
Semi Major	12	12	13	21
Minor	631	477	646	645

E.N.T.

	September	October	November	December
Major	46	25	30	33
Minor	5	4	8	8

Gynae

	September	October	November	December
Major	33	19	33	26
Semi Major	28	34	34	33
Minor	7	15	11	9

Obstetrics

	September	October	November	December
Major	121	126	155	169
Minor	140	156	141	112

Eye Camp

Eye Operation	September	October	November	December
Total	372	282	400	306

Dental

Operation	September	October	November	December
Major	84	22	31	61
Minor	16	50	77	19

Minor Operation | September | October | November | December **Out Patient** 82 67 65

Eye Camp

Address	Month/Date	Male	Female	Total
Fulbaria, Mymensingh	7/9/2014	270	100	370
Modhupur, Tangail	15/9/2014	152	175	327
Fulbaria, Mymensingh	8/10/2014	75	8	83
Modhupur, Tangail	15/10/2014	118	150	268
Fulbaria, Mymensingh	8/11/2014	200	205	405
Modhupur, Tangail	15/11/2014	130	243	373
Fulbaria, Mymensingh	7/12/2014	87	200	287
Modhupur, Tangail	15/12/2014	122	118	240